ভোরের কাগজ

তারিখ SEP. 02.1999
পৃষ্ঠা ১২ কলাম ৭

৭০

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
# বাংলাদেশ, ঢাকা

আপনার শিশুর বয়স ৬ বছর হলেই তাকে স্কুলে ভর্তি করিয়ে দিন।
৫ম শ্রেণী পাশ না করা পর্যন্ত তার পড়া বন্ধ করবেন না।

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা '৯৯ সম্পর্কিত
## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ১৯ ও ২০শে ডিসেম্বর '৯৯ রোজ রবিবার ও সোমবার প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা সংক্রান্ত সময়সূচী যথাসময়ে পরে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। ১৯৯৯ সালের অনুষ্ঠিতব্য প্রাথমিক বৃত্তি পরীক্ষায় নিম্নবর্ণিত বিদ্যালয়গুলো অংশগ্রহণ করতে পারবে।

সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়, সরকারী/স্বীকৃতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, অনুমতিপ্রাপ্ত আনরেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, অনুমোদিত কমিউনিটি বিদ্যালয় ও শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়সমূহ। শিশু কল্যাণ ট্রাস্টের শুধুমাত্র শ্রমজীবী ছাত্র/ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশ নিতে পারবে।

- সকল প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ২০% ছাত্র/ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।
- এখন থেকে পঞ্চম শ্রেণীতে ভর্তিকৃত মোট শিক্ষার্থীর ২০% হারের ভিত্তিতে পাশের হার নির্ধারণ করা হবে অর্থাৎ পরীক্ষার্থীর সংখ্যা নির্বিশেষে পঞ্চম শ্রেণীর মোট ছাত্র/ছাত্রীর সংখ্যার ২০% সংখ্যা ভিত্তি ধরে পাশের হার গণনা করা হবে।
- প্রাথমিক বিদ্যালয়ের ২০% ছাত্র/ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ এবং পরীক্ষার ফলাফলের উপর সংশ্লিষ্ট বিদ্যালয়ের একাডেমিক পারফরমেন্স মূল্যায়িত হবে এবং কোন বিদ্যালয়ের উন্নয়ন ও কল্যাণমূলক কাজের ক্ষেত্রে উক্ত পারফরমেন্সকেই ঐ বিদ্যালয়ের মান নির্ণয়ক হিসাবে ধরা হবে।

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

ডিএফপি-১৯০৩২-৩০/৮/৯৯ (৭"x২)
ডিস-২০২০/৯৯